

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (مُعُرِكَةٍ مِنْ مَعْرِكَةٍ مِنْ)

রচয়িতা/সঙ্গলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

ময়দান হতে ইবলীসের পলায়ন (إِبْلِيْسُ يَنْسَحِبُ عَنْ مَيْدَانِ الْقِتَالِ):

যেমনটি আমরা বলে এসেছি, অভিশপ্ত ইবলিস সুরাকাহ বিন মালিক বিন জুশুম মুদলিজীর সুরতে এসেছিল এবং এতক্ষণ পর্যন্তও সে মুশরিকগণ হতে পৃথক হয় নি। কিন্তু যখন সে মুশরিকদের বিরুদ্ধে ফিরিশতাগণের ভূমিকা প্রত্যক্ষ করল তখন সে পিছনে ফিরে পলায়ন করতে থাকল। কিন্তু হারিস বিন হিশাম তাকে আটকে রাখল। তার বিশ্বাস যে, সে প্রকৃতই সুরাকাহ। কিন্তু ইবলীস তার বুকে এত জোরে ঘৃষি মারল যে, সে মাটিতে পড়ে গেল। ইত্যবসরে ইবলিস সেখান থেকে পলায়ন করল। মুশরিকগণ বলতে লাগল, 'সুরাকাহ কোথায় যাচ্ছ? তুমি কি বল নি যে, তুমি আমাদের সাহায্য করবে এবং কখনই আমাদের থেকে পৃথক হবে না?'

একথা শোনার পর ইবলীস বলল, 48:الأنفال [الأنفال] اللهُ شَدِيْدُ اللهُ شَدِيْدُ الْعِقَابِ] (الأنفال শোনার পর ইবলীস বলল, 48:الأنفال أرى مَا لاَ تَرَوْنَ إِنِّيَ أَخَافُ اللهُ شَدِيْدُ الْعِقَابِ] "আমি যা দেখছি, তোমরা তা দেখছনা। আল্লাহকে আমার ভীষণ ভয় হচ্ছে। তিনি কঠিন শাস্তির মালিক।" (আল-আনফাল ৮ : 8৮)

এরপর পলায়ন করে সে সমুদ্রের ভিতরে যেতে থাকল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6203

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন